মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়

মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যলয়

মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক বাংলাদেশ সরকারের সর্বোচ্চ হিসাব নিরীক্ষা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান প্রজাতন্ত্রের সরকারি হিসাব এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব, বিধিবদ্ধ সংস্থা, পাবলিক এন্টারপ্রাইজ এবং স্থানীয় কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষা করে। ২০১৬-১৭ অর্থবছরে মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর কার্যালয় কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নে তুলে ধরা হলোঃ

অডিট ও হিসাব রিপোর্ট পেশ

- মহামান্য রাষ্ট্রপতি সমীপে ৩২টি অডিট ও হিসাব রিপোর্ট (২টি পরিবেশগত অডিট রিপোর্ট, ১টি পারফরমেন্স অডিট রিপোর্ট, ৫টি বিশেষ অডিট রিপোর্ট, ২০টি বার্ষিক অডিট রিপোর্ট, ১টি আর্থিক হিসাব এবং ৩টি উপযোজন হিসাব) পেশ করা হয়েছে। ২১টি মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট ২৮টি অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত অডিট আপত্তির সংখ্যা ৪৭৮টি এবং সম্পৃক্ত অর্থ প্রায় ১১,৩১৯.৮৭ কোটি টাকা ।

অডিট কার্যক্রম এবং রিপোর্ট প্রণয়নে সামগ্রিক অগ্রগতি

- অডিট পরিকল্পনায় ব্যাপক পরিবর্তন সূচিত হয়েছে। নিরীক্ষা অধিদপ্তরসমূহের নিরীক্ষাকার্য সম্পাদনে International Standards for Supreme Audit Institution (ISSAI)-এর যথাযথ বাস্তবায়নের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে Entity Wide Audit কার্যক্রম ইতোমধ্যে শুরু করা হয়েছে।
- অডিট কার্যক্রমকে আন্তর্জাতিকমানে উন্নীত করার লক্ষ্যে ৭টি ম্যানুয়েল (Financial and Compliance Audit Manual, Revenue Audit Manual, Works Audit Manual, Procurement Audit Manual, Fraud Audit Manual এবং Investigation Manual) প্রণয়ন করা হয়েছে।
- অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে Strategy Paper on OCAG's Approach to Improving Responsiveness to Audit Observations শীর্ষক একটি কৌশলপত্র প্রণয়ন করা হয়েছে।

সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি ও সিএজি কার্যালয়ের যৌথ উদ্যোগ ভিত্তিক কার্যক্রম

দশম জাতীয় সংসদের কমিটি গঠনের পর থেকে জুন, ২০১৭ পর্যন্ত সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি ৬৬টি বৈঠক করেছে। ইতোমধ্যে কমিটি কর্তৃক অনালোচিত ১,০৯৪টি আপত্তির পরীক্ষা ও পর্যালোচনা করে ৪৫২টি আপত্তি নিষ্পত্তিকরণ, ২৮২টি আপত্তির ক্ষেত্রে তদন্ত, বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা ছাড়াও দুর্নীতি দমন বিভাগে মামলা দায়ের/দায়েরকৃত মামলা অনুসরনের সিদ্ধান্ত প্রদানসহ ৩৬০টি আপত্তির বিষয়ে আদায়ের নির্দেশনা, প্রমাণক যাচাই, ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান, ভূতাপেক্ষ অনুমোদন, অবলোপন ও অন্যান্য নির্দেশনা প্রদান করা হয়েছে নিম্নে বিস্তারিত উপাত্ত দেয়া হলোঃ

✓ অনুষ্ঠিত বৈঠক	৬৬টি
✓ অনালোচিত রিপোর্ট আলোচনা	৬৫টি
✓ আলোচিত আপত্তি	১,০৯৪টি
✓ আলোচিত আপত্তিতে জড়িত অর্থের পরিমাণ	১১,৫২৯.৫২ কোটি টাকা।
✓ নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা	৪৫২টি
✓ নিষ্পত্তিকৃত আপত্তিতে জড়িত অর্থ	৩,৩৭২.৯৩ কোটি টাকা।
✓ আদায় /সমন্বয়কৃত টাকার পরিমাণ	১,০৪৭.০৭ কোটি টাকা
✓ তদন্ত/বিভাগীয় ব্যবস্থা/মামলা অনুসরণের সিদ্ধান্ত	৪০২৫.৯৩ কোটি টাকা
✓ অন্যান্য নির্দেশনা (আদায়ের নির্দেশনা, প্রমাণক যাচাই, ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান, ভূতাপেক্ষ অনুমোদন, অবলোপন ইত্যাদি)	৪১০.৬৬ কোটি টাকা

প্রযুক্তিগত উন্নয়ন

সরকারের রূপকল্প ২০২১ এর আলোকে 'ডিজিটাল বাংলাদেশ' কর্মসূচি বাস্তবায়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয় কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় তথ্য ও প্রযুক্তি বিষয়ক বিভিন্ন উদ্যোগের মাধ্যমে অডিট প্রক্রিয়াকে আরো গতিশীল করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রযুক্তিগত পরিবর্তনের সাথে সাথে অবকাঠামোগত এবং প্রশিক্ষণগত বিভিন্ন সুবিধা বৃদ্ধির লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যক্রম গৃহীত হয়েছেঃ

- **আইটি স্ট্রাটেজিক প্লান:** বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়ের ৫ বছর মেয়াদি আইটি কৌশলগত পরিকল্পনা ২০১০-২০১৪ সালের জন্য প্রণীত হয়েছিলো। পরিকল্পনায় অন্তর্ভুক্ত কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন অব্যাহত রয়েছে। আইটি অবকাঠামোগত (Data Center, Hardware & Software) উন্নয়ন বৃদ্ধির লক্ষ্যে ২০১৬-১৭ অর্থবছরে বিভিন্ন ক্রয় প্রক্রিয়া সম্পাদন করা হয়েছে।
- **কম্পিউটারে সহায়ক নিরীক্ষা পদ্ধতি:** কম্পিউটার সিস্টেমের সহায়তায় উন্নতমানের নিরীক্ষা কার্য সম্পাদনের জন্য Interactive Data Extraction and Analysis (IDEA) সফটওয়্যারের উপর প্রশিক্ষণ পরিচালিত হয়েছে এবং সফটওয়্যারটির লাইসেন্স নবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- **ডিজিটাল অডিট ম্যানেজমেন্ট:** বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়ে Digital Audit Management System চালু করা হয়েছে। প্রচলিত ফাইল সিস্টেমের স্থলে Audit Management and Monitoring System (AMMS) সফটওয়্যারের মাধ্যমে কম্পিউটার ব্যবহারে সময় ও অর্থের সাশ্রয় এবং অডিট কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি পাচ্ছে। সর্বোপরি AMMS এর মাধ্যমে অডিট আপত্তি সংক্রান্ত অবস্থান কার্যকরভাবে ট্র্যাকিং করা যাচ্ছে।
- **দক্ষতা উন্নয়ন:** দক্ষ জনবল গড়ে তোলার জন্য কর্মকর্তা/কর্মচারীকে প্রয়োজনীয় কম্পিউটার প্রশিক্ষণ এবং কর্মকর্তাদেরকে ডিজিটাল অডিটের উপর নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- **HRM Software**:বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়ে কর্মকর্তাগণের ডাটাবেজ তৈরির লক্ষ্যে Human Resource Management Software install করা হয়েছে এবং উন্নত ডাটাবেজ তৈরির লক্ষ্যে সফটওয়্যারটির আপগ্রেডেশন কার্যক্রম চলমান রয়েছে।
- **Wifi Zone**: বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয় 'অডিট ভবন'-এর বর্ধিত অংশও Wifi Network এর আওতায় আনা হয়েছে।
- **ই-গভর্নেন্স কে শক্তিশালীকরণের লক্ষ্যে ডাটা সেন্টার ও নেটওয়ার্ক স্ট্রাকচার স্থাপন:** AMMS এর সকল তথ্যাদি ডাটা সেন্টারের সার্ভারে রক্ষিত হচ্ছে। এতে করে তথ্যের সহজলভ্যতা, সঠিকতা ও এর বিশ্লেষণ সহজ হচ্ছে। প্রতিদিন প্রায় ১২০০ জন নেটওয়ার্কের সাথে সংযুক্ত হচেছ। এতে করে মনিটরিং ও তথ্যের আদান-প্রদান, সহজ ও কার্যকর হওয়ার মাধ্যমে ই-গভার্নেন্স-এর শক্তিশালী ভিত্তি তৈরী হচ্ছে।

আন্তর্জাতিক অডিট পরিমন্ডলে সম্পর্ক উন্নয়ন

পেশাদারী জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং অভিজ্ঞতা বিনিময়ের লক্ষ্যে ২০১৬-১৭ অর্থবছরে অডিট এন্ড একাউন্টস ডিপার্টমেন্টের উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তা বিদেশে অনুষ্ঠিত অডিট বিষয়ক প্রশিক্ষণ, ওয়ার্কশপ, সেমিনার ইত্যাদি প্রোগ্রামে অংশগ্রহণ করেন। এর মধ্যে উল্লেখযোগ্য হলোঃ

- ভারতের International Center for Information Systems & Audit (iCISA)-এ অনুষ্ঠিত Audit of Government Receipts, Performance Audit, Environment Audit, Audit of State Owned Enterprises বিষয়ক প্রশিক্ষণ ও 6th Seminar on Environmental Auditing এবং 5th Working Meeting of Asian Organization of Supreme Audit Institution WGEA.
- ভুটানে অনুষ্ঠিত 'ISSAI Implementation Experience and Strategy Meeting', চীনে অনুষ্ঠিত ২০১৬ 'Asian Evaluation Week', জর্জিয়ায় অনুষ্ঠিত 'Quality Assurance Workshop on Public Debt Audit of Lending and Borrowing Frameworks', ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত 'IDI- International Training on Forestry',কোরিয়াতে অনুষ্ঠিত 'How to Ensure Efficient Auditing and Effectiveness of Audit Result', থাইল্যান্ডে 'IFAD Financial Management Workshop এ অংশগ্রহণ

- সুপ্রিম অডিট ইন্সিটিটিউশন হিসেবে সিএজি কার্যালয় পাবলিক অডিটের এশীয় সংস্থা Asian Organization of Supreme Audit Institution (ASOSAI) এবং বিশ্ব সংস্থা International Organization of Supreme Audit Institution (INTOSAI)-এর সদস্য। ২০১৬-১৭ সালে সিএজি কার্যালয়ের প্রতিনিধিগণ ASOSAI ও INTOSAI এর বেশ কিছু সংখ্যক সভা/প্রোগ্রামে অংশগ্রহণ করেন। এর মধ্যে উল্লেখযোগ্য হলোঃ

  - দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিত Annual Meeting of INTOSAI Capacity Building Committee and INTOSAI Donor Co-operation Steering Committee
  - ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত IDI-ASOSAI 3i Cooperative Audit Programme on Audit of Disaster Management শীর্ষক মিটিং, 11^{th}ASOSAI Research Project এর ভিয়েতনামে অনুষ্ঠিত ৩য় সভা, কুয়েতে অনুষ্ঠিত ৪র্থ সভা, আবুধাবীতে অনুষ্ঠিত ২২তম INCOSAI Meeting, ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত Annual 17^{th} Assemble Meeting of INTOSAI Working Group on Environmental Auditing, চীনে অনুষ্ঠিত ASOSAI–Sponsored Workshop on Performance Audit, দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিত 7^{th} ACCA Global Public Sector Conference
  - হাঙ্গেরীতে অনুষ্ঠিত International Integrity Seminar on Strengthening Integrity of the Public Sector, যুক্তরাজ্যে অনুষ্ঠিত CIPFA London Division Spring Seminar on Technology as Public Sector, ভারতে অনুষ্ঠিত Commonwealth Auditor General Conference, নরওয়েতে অনুষ্ঠিত Lessons Learned and Exit Workshop for Trans-regional Programme on Audit of Lending and Borrowings, চীনে অনুষ্ঠিত Meeting of the INTOSAI WG on Big Data, কোরিয়ায় অনুষ্ঠিত INTOSAI WG on IT, অস্ট্রিয়ায় অনুষ্ঠিত ২৪তম UN/INTOSAI Symposium

প্রশিক্ষণ

২০১৬-১৭ অর্থবছরে ৭২টি কর্মসূচির মাধ্যমে সর্বমোট ১,৯২১ জনকে ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমিতে প্রশিক্ষণ দেওয়া হয়।